

## ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস অ্যাওয়ার্ড পেলেন শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক •

ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড পেলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ভারতের মুম্বাইয়ে তাজ হোটеле দুই দিনব্যাপী ষষ্ঠ ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস চলাকালে তাকে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। চলতি বছরের মে মাসে বাংলাদেশের শিক্ষামন্ত্রীকে এবারের অ্যাওয়ার্ডের জন্য মনোনীত করে ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস। শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ অ্যাওয়ার্ডের কথা জানানো হয়। শিক্ষাক্ষেত্রে অসামান্য অবদান, অন্যদের জীবনের জন্য ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ এবং সামাজিক পরিবর্তনে ইতিবাচক অবদানের স্বীকৃতি হিসেবে তাকে এ পুরস্কারের জন্য মনোনীত করা হয়।